

ওরে নীল যমুনার জল বল রে মোরে বল।
কোথায় ঘনশ্যাম আমার কৃষ্ণজ ঘনশ্যাম ॥
আমি বহু আশায় বুক বেঁধে যে এলাম ব্রজধাম ॥
তোর কোন কূলে কোন বনের মাঝে
আমার কানুর বেনু বাজে,
আমি কোথায় গেলে শুনতে পাবো রাধা রাধা নাম
আমি শুধাই ব্রজের ঘরে ঘরে কৃষ্ণজ কোথায় বল
কেন কেউ কহে না কথা, হেরি সবার চোখে জল।
বল রে আমার শ্যামল কোথায়!
কোন মথুরায় কোন দ্বারকায়
(বল যমুনা বল)
বাজে বৃন্দাবনের কোন পথে তার নূপুর-অভিরাম ॥